গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.১১৬.০০.০০.০০৬.২০১০- ১০৪৯ তারিখঃ ২৯.০৯.২০১১

বিষয়ঃ বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে 'চাকুরী অবসান' সংক্রান্ত কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ডাঃ নিলুফার করিম, প্রাক্তন সহকারী সার্জন গত ২০.০৭.১৯৮৭ হতে কর্ম হতে বিরত রয়েছেন এবং কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনি ২০.০৭.১৯৮৭ তারিখ হতে একনাগারে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অর্থাৎ প্রায় ২৪(চব্বিশ) বছর যাবৎ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শৃংখলা পরিপন্থি একটি গর্হিত কাজ ; এবং

যেহেতু, বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে ০৫(পাঁচ) বছরের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিতিতে 'চাকরি অবসান' ঘটেছে মর্মে গণ্য ;

এক্ষণে, সেহেতু, উক্ত বিধি মোতাবেক আপনার চাকরির অবসান ঘটেছে মর্মে কেন আদেশ জারি করা হবে না এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

২৮/৯/১১

(এ. কে. এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ নিলুফার করিম
১৬/৬ প্রমিনেন্ট হাউজিং
শেখেরটেক
মোহাম্মদপুর, ঢাকা

নং-৪৫.১৫০.১১৬.০০.০০.০০৬.২০১০- ১০৪৯/১(৪) তারিখঃ ২৯.০৯.২০১১

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২৯.৯.১১

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১১- ৮০৫২ তারিখঃ ২৯.০৯.২০১১

**আদেশ**

যেহেতু, ডাঃ কে এম আহসান কবির (১১৪৯২২), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াশ, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে ''অসদাচরণ'' ও ''বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮.০৯.২০১১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ কে এম আহসান কবির (১১৪৯২২), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াশ, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও শুনানী অন্তে সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁকে দোষী সাব্যস্ত করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য তাঁর বেতন বর্তমান বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করে জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ১১০০০-৪১০x৭-১৪৪৩০-ইবি-৫৪০x১১-২০৩৭০ টাকার স্কেলে ১১০০০/- টাকায় নির্ধারণ করা হলো। ভবিষ্যতে দন্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্ত হবেন না।

(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১১- ৮০৫২/১(১১) তারিখঃ ২৯.০৯.২০১১

**অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াশ, সিরাজগঞ্জ
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, তাড়াশ, সিরাজগঞ্জ
১১। ডাঃ কে এম আহসান কবির (১১৪৯২২), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াশ, সিরাজগঞ্জ

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৩.২০১১- ১০৫৩ তারিখঃ ২৭.০৯.২০১১

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ সাখাওয়াত হোসেন (১০১১৪০৪), মেডিকেল অফিসার, শুভপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারায় দোষী সাব্যস্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক উক্ত অধ্যাদেশের ৫(১) ধারামতে প্রথম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারন-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ১৮.০৮.২০১১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ সাখাওয়াত হোসেন (১০১১৪০৪), মেডিকেল অফিসার, শুভপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও শুনানী অন্তে সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাকেঁ দোষী সাব্যস্ত করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হলো। ভবিষ্যতে দন্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্ত হবেন না।

কর্মস্থলে অনুপস্থিতকালীন সময় ২৪.০৩.২০০৯ তারিখ হতে ১৮.০৫.২০১১ এর জন্য তাঁর উক্ত দিনগুলোর বেতন কর্তন করার আদেশ প্রদান করা হলো।

২৭/৯/১১
(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৩.২০১১- ১০৫৩/১(১১) তারিখঃ ২৭.০৯.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। সিভিল সার্জন, ফেনী
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রনালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী
১১। ডাঃ মোহাম্মদ সাখাওয়াত হোসেন (১০১১৪০৪), মেডিকেল অফিসার, শুভপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী (যোগাযোগ-মোঃ আমিনুল হক, প্লট-৫৬৬/৫৬৮, প্রিয়াংকা সিটি, রোড-৩, সেক্টর-১২, উত্তরা, ঢাকা)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Order (NI)\Minor Penalty.doc